## ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর
## মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

| ক্র. নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনা | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ১ | ২ | -- | -- | -- | ১ | ১২ মাস (৪০%) | -- | -- |

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিভুক্ত মোট ০২টি প্রকল্প সমাপ্ত হয়েছে। তন্মধ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের আওতায় বাস্তবায়িত “পল্লী কবি জসীম উদ্দীন সংগ্রহশালা নির্মাণ, ফরিদপুর (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির পিসিআর অদ্যাবধি এ বিভাগে প্রেরণ করা হয় নি।

**২। সমাপ্ত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

| ক্র. নং | প্রকল্পের নাম | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত মেয়াদকাল | মেয়াদ বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আধুনিকীকরণ প্রকল্প | ৯২১.৮৪ | ০১ জানুয়ারী, ২০১১ হতে ৩০ জুন, ২০১৪ | ২০১০ সালের বাজারমূল্য অনুযায়ী মালামালের মূল্য নির্ধারণ করা হলেও পরবর্তীতে মূল্য বৃদ্ধি পাওয়ায় টেন্ডার প্রক্রিয়ায় বিলম্ব ও কিছু কিছু ক্ষেত্রে রি-টেন্ডার এবং প্রকল্পের আওতায় কিছু অঙ্গের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন না হওয়ার কারনে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। |
| ২ | “পল্লী কবি জসীম উদ্দীন সংগ্রহশালা নির্মাণ, ফরিদপুর (২য় সংশোধিত)” | -- | -- | অর্থ ছাড়ে বিলম্ব এবং দেশের অনাকাংখিত পরিস্থিতির কারনে নির্মাণ সামগ্রী সাইটে পরিবহন/ সরবরাহের বিলম্বের কারনে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। |

## ৩। সমস্যা ও সুপারিশঃ

| সমস্যা | সুপারিশ |
|---|---|
| ১। এই প্রকল্পের মাধ্যমে জাতীয় গ্রন্থাগারের অনলাইন একসেস প্রমোট করার কথা বলা হয়েছে। কিন্তু ওয়েব ভিত্তিক গ্রন্থাগার এখনো পূর্ণরুপে শুরু হয়নি। | ১। জাতীয় গ্রন্থাগারের ওয়েবভিত্তিক কার্যক্রম দ্রুত শুরু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ২। জাতীয় গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ ও এসংক্রান্ত ডাটাবেজ গড়ে তোলা সম্পূর্ণ হয়নি ফলে সিস্টেমটি অনলাইনে চালু করা হয়নি। | ২। সংস্থা কর্তৃক সব বইয়ের ক্যাটালগ ও এতদসংক্রান্ত ডাটাবেজ সমৃদ্ধকরণ দ্রুত সম্পন্ন করতে হবে যাতে অনলাইন লাইব্রেরী ও ওয়েব বেজড আর্কাইভ গড়ে তোলা যায়। |
| ৩। প্রকল্পের আওতায় সিকিউরিটি সিস্টেমের অংশ হিসেবে পাঠকক্ষ, আর্কাইভ, মহাফেজখানাসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন কক্ষে অটোমেটিক ডোর লক স্থাপন করা হয়েছে, কিন্তু এগুলো এখনো চালু করা হয়নি। এগুলো অব্যবহৃত থাকলে নষ্ট হয়ে যাবার আশংকা রয়েছে। | ৩। অটোমেটিক ডোর লক সিস্টেম দ্রুত চালু করতে হবে। |
| ৪। প্রকল্পের পিসিআর ও প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায় যে, এই প্রকল্পের ইন্টার্নাল ও এক্সটার্নাল কোন প্রকার অডিট করা হয়নি। | ৪। প্রকল্পটির দ্রুত অডিট সম্পন্ন করতে হবে এবং অডিট প্রতিবেদনের কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে। |

# বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আধুনিকীকরণ
## সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্তঃ জুন ২০১৪)

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আধুনিকীকরণ |
| ২। | বাস্তবায়নকারী সংস্থা | : | আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর। |
| ৩। | উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৪। | প্রকল্পের অবস্থান | : | ঢাকা। |
| ৫। | প্রকল্প বাস্তবায়ন কাল ও ব্যয় | : | |

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট টাকা প্রঃসাঃ | সংশোধিত মোট টাকা প্রঃসাঃ | মোট টাকা প্রঃসাঃ | মূল | সংশোধিত | | | |
| ৯৩১.০০<br>৯৩১.০০<br>- | ৯৩১.০০<br>৯৩১.০০<br>- | ৯২১.৮৪<br>৯২১.৮৪<br>- | ০১ জানুয়ারী,২০১১<br>হতে<br>৩০ জুন, ২০১৩ | ০১ জানুয়ারী,২০১১<br>হতে<br>৩০ জুন, ২০১৪ | ০১ জানুয়ারী,২০১১<br>হতে<br>৩০ জুন,২০১৪ | - | ১২ মাস<br>(৪০%) |

৬। সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১। পটভূমিঃ

বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অধীনে ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয় । প্রতিষ্ঠালগ্ন হতেই বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার পুস্তক/ ডকুমেন্ট সংগ্রহ, সংরক্ষণ, রেফারেন্স সরবরাহসহ নানাবিধ কার্যাবলী প্রচলিত পদ্ধতিতে সম্পাদন করে আসছে। বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ডিজিটাল বাঙলাদেশ গড়ে তোলার ঘোষণার পর বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের কার্য সম্পাদন প্রক্রিয়ায় ডিজিটাল সিস্টেম চালু করার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। এই প্রকল্পের অধীনে একটি লাইব্রেরী সফটওয়্যার গড়ে তোলা হবে যার মাধ্যমে সকল পুস্তক ও ডকুমেন্টসমূহ কম্পিউটারে সংরক্ষণ করা হবে যাতে পরবর্তীতে রেফারেন্স সরবরাহ সহজতর হয়।

৬.২। উদ্দেশ্যঃ

ক) ডিজিটাল গ্রন্থাগারের অবকাঠামো উন্নয়ন এবং জাতীয় গ্রন্থাগারের সমুদয় সংগ্রহের সংরক্ষণ ও সমস্ত টেক্সটকে ডিজিটালে রুপান্তরকরণ ফ্যাসিলিটেট করা;

খ) জাতীয় গ্রন্থাগারের সব ডকুমেন্টের অনলাইন এক্সেস প্রোমোট করা;

গ) স্বয়ংক্রিয় নিরাপত্তা ব্যবস্থা, অগ্নিনির্বাপন ব্যবস্থাসহ দুযোর্গ মোকাবেলার ব্যবস্থা গ্রহণ;

ঘ) কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ আধুনিক পাঠকক্ষ স্থাপন;

ঙ) অটোমেটিক বাইন্ডিং ও বৈজ্ঞানিক হাউজিং ব্যবস্থায় জাতীয় গ্রন্থাগারের সকল ডকুমেন্ট স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থা করা।

৬.৩। প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্যঃ

(ক) প্রকল্পটি মোট ৯৩১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১১ হতে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৫/০৪/২০১১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

(খ) ১০/০৩/২০১৩ তারিখে আইএমইডি'র সুপারিশক্রমে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জানুয়ারী ২০১১ হতে জুন ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

(গ) ২০/০৬/২০১৩ তারিখে ডিপিইসি এর সুপারিশক্রমে কিছু অঙ্গের ব্যয় হ্রাস/বৃদ্ধি ও মূল ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পটির ১ম সংশোধন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৭। প্রকল্পের মূল কার্যক্রমঃ

প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে- বিভিন্ন মডেলের আধুনিক স্ক্যানার মেশিন স্থাপন; কম্পিউটার, ল্যাপটপ, সার্ভার মেশিন, স্টোরেজ অ্যারো মেশিন ও ইবুক প্রসেসিং ওয়ার্ক স্টেশন স্থাপন; বিভিন্ন মডেলের প্রিন্টার, ডিজিটাল ক্যামেরা, ফটোকপি মেশিন, ফ্যাক্স মেশিন, ভ্যাকুয়াম ক্লিনার মেশিন ক্রয়; ডাক্ট টাইপ এয়ারকন্ডিশনার স্থাপন, অটোমেটিক এক্সেস এন্ড সিকিউরিটি কন্ট্রোল সিস্টেম স্থাপন ইত্যাদি।

৮। প্রকল্প পরিচলক সম্পর্কিত তথ্যঃ

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মেয়াদ কাল | |
|---|---|---|---|
| | | শুরু | শেষ |
| ১। | জনাব মিজানুর রহমান,<br>মাইক্রোফিল্ম অফিসার, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | ০১/০৯/২০১১ | ৩০/০৬/২০১২ |
| ২। | জনাব অদুদুল বারী চৌধুরী,<br>মহাপরিচালক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | ০১/০৭/২০১২ | ১২/১২/২০১২ |
| ৩। | জনাব মোঃ জাহেদুল ইসলাম,<br>যুগ্মসচিব, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | ১৩/১২/২০১২ | ১৩/০৪/২০১৪ |
| ৪। | মো. আবু জাফর,<br>সহকারী পরিচালক,আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর | ৩০/০৪/২০১৪ | ৩০/০৬/২০১৪ |

৯। প্রকল্পের সংশোধিত এডিপি অনুযায়ী সংস্থান এবং অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

| আর্থিক বছর | সংশোধিত এডিপি সংস্থান ও লক্ষ্যমাত্রা | | | টাকা ছাড় | মোট ব্যয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| ২০১০-২০১১ | - | - | - | | | - | - |
| ২০১১-১২ | ৬৪.৯৮ | ৬৪.৯৮ | - | ৬৪.৯৮ | ৩৪.৯৮ | ৩৪.৯৮ | - |
| ২০১২-১৩ | ৬৫০.০০ | ৬৫০.০০ | - | ৬৫০.০০ | ৬৪৩.০৪ | ৬৪৩.০৪ | - |
| ২০১৩-১৪ | ২৫২.৪৪ | ২৫২.৪৪ | - | ২৫২.৪৪ | ২৪৩.৮২ | ২৪৩.৮২ | - |
| মোট | ৯৬৭.৪২ | ৯৬৭.৪২ | - | ৯৬৭.৪২* | ৯২১.৮৪ | ৯২১.৮৪* | - |

* প্রকল্পের অব্যয়িত অর্থ যথানিয়মে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১০। প্রকল্পের বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন ( পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

| **Items of work (as per PP)** | **Unit** | **Target (as per PP)** | | **Actual Progress** | |
|---|---|---|---|---|---|
| | | **Financial** | **Physical (Quantity)** | **Financial (%)** | **Physical (Quantity) (%)** |
| **Revenue** | | | | | |
| 1. 4828-Stationary | L.S. | 3.00 | L.S. | 3.00 (100%) | L.S. |
| 2. 4832-VDO Documentary | 1 Job | 1.50 | 1 Job | 1.47 (98%) | 1 Job (100%) |
| 3. 4833-Publicity & Advertisement | L.S. | 4.00 | L.S. | 3.41 (85.25%) | L.S. |
| 4. 4840-Training | 20 Person | 38.00 | 20 Person | 34.70 (91.31%) | 20 Person (100%) |
| 5. 4851-Casual Labour | L.S. | 2.00 | L.S. | 2.00(100%) | L.S. |
| 6. 4854-Consumable materials | L.S. | 8.00 | L.S. | 8.00 (100%) | L.S. |
| 7. 4893-Rent A car | 01 | 5.00 | 01 | 4.94 (98.8%) | 01 (100%) |
| 8. 4895-Committee meeting | L.S. | 4.00 | L.S. | 4.00 (100%) | L.S. |
| 9. 4899 -Miscellaneous | L.S. | 8.00 | L.S. | 8.00 (100%) | L.S. |
| Sub total Revenue | - | 73.50 | - | 69.52 (94.58%) | - |
| Capital | | | | | |
| 10. 6812-Audio visual camera | 01 set | 4.00 | 01 set | 3.77 (94.25%) | 01 set (100%) |
| 11. 6813-Machinery & other equipments | 79 Nos | 257.60 | 79 Nos | 256.69 (99.64%) | 79 Nos (100%) |
| 12. 6815-Computer & accessories | 87 Nos | 436.40 | 87 Nos | 436.37 (99.99%) | 87 Nos (100%) |
| 13. 6817-Computer software | 1 job | 20.00 | 1 job | 19.49 (97.45%) | 1 job (100%) |
| 14. 6821-Furniture | 392 | 52.26 | 392 | 52.06 (99.61%) | 392 (100%) |
| 15. 6823-Telecommunication equipments | 27 Nos | 11.24 | 27 Nos | 8.18 (72.77%) | 27 Nos (100%) |
| 16. 6853-Automatic fire detection and fire protection | 1 Job | 50.00 | 1 Job | 49.77 (99.54%) | 1 Job (100%) |
| 17. 7016-Other construction | 18500 sqn | 26.00 | 18500 sqm | 25.99 (99.96%) | 18500 sqm (100%) |
| **Sub total capital =** | **-** | **857.50** | **-** | **852.32 (99.39%)** | **-** |
| **Total (Revenue + Capital) =** | | **931.00** | **-** | **921.84 (99.02%)** | **-** |

১১। কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণঃ

পিসিআর ও পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতীয়মান হয় যে প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে।

১২। প্রকল্পের প্রধান প্রধান অংগের বিবরণঃ

১২.১ প্রশিক্ষণঃ প্রশিক্ষণ খাতে ৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৪.৭০ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে । ডিপিপি অনুযায়ী ১২ জনকে স্থানীয় ও ৮ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২.২ অডিও ভিজ্যুয়াল ক্যামেরাঃ অডিও ভিজ্যুয়াল ক্যামেরা খাতে ৪.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল যার মধ্যে ৩.৭৭ লক্ষ টাকা ব্যয়ে অডিও ভিজুয়্যাল ক্যামেরা ক্রয় করা হয়েছে।

১২.৩ যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণঃ যন্ত্রপাতি ও উপকরণ খাতে ২৫৭.৬০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ২৫৬.৬৯ লক্ষ টাকা ব্যয়ে এসি, ভলিউম কন্ট্রোল ড্যাম্পার ও স্প্লিটার ড্যাম্পার, ইলেকট্রিক বোর্ড, ক্যাবল, সুইচ গিয়ার ইত্যাদিসহ ৭৯টি বিভিন্ন ধরণের যন্ত্রপাতি ও উপকরণ কেনা এবং স্থাপন করা হয়েছে।

১২.৪ কম্পিউটার ও এক্সেসরিজঃ কম্পিউটার ও এক্সেসরিজ খাতে ৪৩৬.৪০ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ৪৩৬.৩৭ লক্ষ টাকা ব্যয়ে প্ল্যানেটারি স্ক্যানার, ফ্ল্যাটবেড স্ক্যানার, অটোমেটিক বুক স্ক্যানার, এইচডি স্ক্যানার, ডকুমেন্ট স্ক্যানার, অ্যাবি রিকগনিশন সার্ভার, ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ইউপিএস, আইপিএস, সার্ভার নেটওয়ার্ক ব্যাকবোন, রাউটার, জেনারেটর ইত্যাদিসহ মোট ৮৭টি যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে।

১২.৫ কম্পিউটার সফটওয়্যারঃ কম্পিউটার সফটওয়্যার খাতে ২০ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ১৯.৪৯ লক্ষ টাকা ব্যয়ে ডিজিটাল লাইব্রেরী ইনফরমেশন সার্ভিস (সিস্টেম) ম্যানেজমেন্ট এন্ড ডেভেলপমেন্ট সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে।

১২.৬ আসবাবপত্রঃ আসবাবপত্র খাতে ৫২.২৬ লক্ষ টাকা বরাদ্দ ছিল। তন্মধ্যে ৫২.০৬ লক্ষ টাকা ব্যয়ে কম্পিউটার টেবিল, চেয়ার, স্ক্যানার টেবিল, ম্যাপ রিডিং টেবিল, বিভিন্ন চেয়ার, হাফ সেক্রেটারিয়েট টেবিল, স্টিলের আলমারী, ফাইল ক্যাববিনেট, বুক শেলফ, পেপার শেলফ, বুক ক্যারিয়ার, ল্যাডার, ডিসপ্লে শেলফ, ম্যাগাজিন বক্স, ম্যাপ প্রিজারভেশন শেলফ, কুশন চেয়ার, সোফাসেট, শোকেস, টুল, রিভলভিং চেয়ার, নরমাল চেয়ার, সিডি/টেপ প্রিজারভেশন শেলফ/ ভ্যাকুয়াম বক্স ইত্যাদিসহ মোট ৩৯২ টি আসবাবপত্র কেনা হয়েছে।

১২.৭ টেলিকমিউনিকেশন যন্ত্রপাতিঃ টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি খাতে ১১.২৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.১৮ লক্ষ টাকা ব্যয়ে পিএবিএক্স সিস্টেম, ল্যান সার্ভিস ইত্যাদিসহ মোট ২৭টি যন্ত্রপাতি কেনা হয়েছে।

১২.৮ স্বয়ংক্রীয় অগ্নিনির্বাপণ ব্যবস্থাঃ স্বয়ংক্রীয় অগ্নিনির্বাপণ ব্যবস্থা খাতে ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে ৪৯.৭৭ লক্ষ টাকা ব্যয়ে অগ্নিনির্বাপন ব্যবস্থা স্থাপন করা হয়েছে।

১২.৯ অন্যান্য নির্মাণঃ অন্যান্য নির্মাণ খাতে ২৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.৯৯ লক্ষ টাকা ব্যয়ে অ্যালুমিনিয়াম স্লাইডিং ও পার্টিশান, সিলিং, লাইট, সুইচবোর্ড,গ্যাং সুইচ, ক্যাবল ওয়ার্ক, ইলেকট্রিক লাইট, স্পটলাইট, পার্টিক্যাল বোর্ড সিলিং প্রভৃতি স্থাপন করা হয়েছে।

১২.১০ এছাড়া ভোগ্য পণ্য, স্টেশনারী, ভিডিও ডকুমেন্টারী, প্রচারণা ও বিজ্ঞাপন, ক্যাসুয়াল লেবার, রেন্ট-এ-কার, কমিটি মিটিং, বিবিধ প্রভৃতি খাতে সংস্থান অনুযায়ী অর্থ ব্যয়িত হয়েছে।

১৩। ক্রয়সংক্রান্ত তথ্যঃ

জিওবি অর্থায়নে পরিচালিত এই প্রকল্পে বেশ কিছু যন্ত্রপাতি কেনা ও স্থাপন এবং সীমিত পর্যায়ে নির্মাণকাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকিউরমেন্ট প্রক্রিয়ার ধাপগুলো ঠিকভাবে পালন করা হয়েছে কিনা পরীক্ষা করা হয়। অনেকগুলো প্রকিউরমেন্ট সংক্রান্ত ফাইল হতে দুটি ফাইল পরীক্ষা করা হয়। যাতে দেখা যায় যে, বহুল প্রচারিত দু'টি জাতীয় পত্রিকায় (যুগান্তর ও ডেইলি স্টার)দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। তুলনামূলক দরপত্র বিবরণীতে উন্মুক্তকরণ কমিটির সবার স্বাক্ষর রয়েছে। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ পেয়েছেন বলে পরিলক্ষিত হয়। এই দুটি ক্রয় কার্যক্রমে বিদ্যমান আইন ও বিধি অনুসরণ করা হয়েছে।

প্ল্যানেটারি স্ক্যানার, ফ্ল্যাটবেড স্ক্যানার, অটোমেটিক বুক স্ক্যানার, এইচডি স্ক্যানার, ডকুমেন্ট স্ক্যানার, ক্যাপচার সফটওয়্যার এবং অ্যাবি রিকগনিশন সার্ভার কেনার জন্য ১০/১২/২০১২ তারিখে দরপত্র প্রকাশিত হয় যাতে ১জন দরদাতা অংশগ্রহণ করে এবং চুড়ান্তভাবে ডেভনেট লিমিটেড নামক প্রতিষ্ঠান কার্যাদেশ পায়।

ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ইউপিএস, আইপিএস, সার্ভার নেটওয়ার্ক ব্যাকবোন, রাউটার ও অন্যান্য এক্সেসরিজস সংগ্রহের জন্য ১৬/০২/২০১৩ তারিখে প্রকাশিত দরপত্রে চারটি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং চুড়ান্তভাবে সর্বনিম্ন দরদাতা বায়োমেট্রিক্স বিডি লিমিটেড নামক প্রতিষ্ঠান কার্যাদেশ পায়। স্বয়ংক্রিয় অগ্নিনির্বাপন ও নিরাপত্তা ব্যবস্থার জন্য ১৮/৭/২০১৩ তারিখে প্রকাশিত দরপত্রে ৮টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে ও ৫টি প্রতিষ্ঠান রেসপন্সিভ হয়, যার মধ্য থেকে এনটেক লজিস্টিকস্ লিমিটেড নামক প্রতিষ্ঠান কার্যাদেশ পায়।

অন্যান্য নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন কাজের দরপত্র বিজ্ঞপ্তি ২৭/৯/২০১৩ তারিখে প্রকাশিত হয়। এতে ৮টি অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হতে আল নূর এন্টারপ্রাইজ নামক প্রতিষ্ঠান কার্যাদেশ লাভ করে। পার্টিকেল বোর্ড সংগ্রহের জন্য আরএফকিউ পদ্ধতিতে ৩টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং চুড়ান্তভাবে আল-নাছরএন্টারপ্রাইজ নামক প্রতিষ্ঠান কার্যাদেশ লাভ করে।

ডিজিটাল হ্যান্ডি ক্যামেরা, প্রজেক্টর, ফ্ল্যাশ লাইট, স্পিকার ট্রাইপড ও ক্যাবল সংগ্রহের জন্য মাল্টি টেকনোলজি সিস্টেমস, ডিজিটাল ফটোকপিয়ার মেশিনের জন্য মেসার্স জিহাদ এন্টারপ্রাইজ, পিএবিএক্স সিস্টেমের জন্য অতসী ও অর্পা এন্টারপ্রাইজ নামক প্রতিষ্ঠান কার্যাদেশ লাভ করে।

ডাক্টেড টাইপ স্প্লিট এসি সরবরাহের জন্য অগ্রগামী ইঞ্জিনীয়ার্স লিঃ, ডোর এক্সেস কন্ট্রোলার, ভিডিও সার্ভাইলেন্স সিস্টেম, ডিজিটাল ভিডিও রেকর্ডিং ও অন্যান্য এক্সেসরিজ সরবরাহ ও স্থাপনের জন্য সেফজোন ইঞ্জিনীয়ারিং লিঃ, এসি ও সাবস্টেশন হতে জাতীয় গ্রন্থাগার ভবন পর্যন্ত ইলেকট্রিক লাইন এক্সপানশন ও স্থাপনের কার্যাদেশ পায় রান পাওয়ার ও রোজম্যান এলায়েন্স পাওয়ার এর জয়েন্ট ভেঞ্চার কোম্পানী।

ভিডিও ডকুমেন্টারী তৈরীর জন্য ৩টি প্রতিষ্ঠানের মধ্যে কালার প্লাস নামক প্রতিষ্ঠান কার্যাদেশ পায়। ডিজিটাল লাইব্রেরী ইনফরমেশন সার্ভিস (সিস্টেম) ম্যানেজমেন্ট এন্ড ডেভেলপমেন্ট সফটওয়্যার ডেভেলপ করার জন্য ১৮/৭/২০১২ সালে প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে ৮টি অংশগ্রহণকারী ও ২টি রেসপন্সিভ প্রতিষ্ঠানের মধ্যে ডেভনেট লিমিটেড নামক প্রতিষ্ঠান চুড়ান্তভাবে কার্যাদেশ লাভ করে। পরিদর্শনকালে পরিক্ষিত নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, ক্রয়কার্যক্রমে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে মর্মে তথ্যাদি পাওয়া যায়।

১৪। অডিট সংক্রান্ত তথ্যঃ

সংস্থা হতে প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য হতে দেখা যায় যে এই প্রকল্পে কোন ধরণের অডিট করা হয়নি।

১৫। পরিদর্শন বর্ণনাঃ

"বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম মূল্যায়ন করতে গত ৩১/০৩/২০১৫ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্যরা উপস্থিত ছিলেন। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি কার্যকর পদ্ধতিতে পরিকল্পনা অনুযায়ী পরিচালিত হয়েছে।

আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর বাংলাদেশের তথ্যভান্ডার সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য সীমিত সম্পদ ও লোকবল নিয়ে কাজ করে যাচ্ছে। বর্তমান বিশ্বে প্রচলিত ডিজিটাল লাইব্রেরী, অনলাইন এক্সেস এবং সর্বোপরি প্রচলিত সবরকম ডকুমেন্টের হার্ড কপিকে সফট ফরম্যাটে রুপান্তর, সংরক্ষণ ও সর্বোপরি ব্যবহারের জন্য উন্মুক্তকরণ ব্যবস্থার সাথে আমাদের পরিচয় করিয়ে দেয়া ও বাংলাদেশে এসব চালু করা এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের পাঠকক্ষগুলোকে আধুনিকায়ন করা হয়েছে। তিনটি বড় পাঠকক্ষে ডাক্ট টাইপ এসি ও সিলিং লাগানো হয়েছে। পুরাতন ইলেকট্রিক লাইন ও সেটিং পাল্টে নতুনভাবে লাইট ও কেবল বসানো হয়েছে। ফলে পাঠকক্ষের পরিবেশ উন্নত হয়েছে। এছাড়া পাঠকক্ষে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার বসানো হয়েছে, যাতে পাঠকরা ইন্টারনেট ব্রাউজসহ পড়াশুনা ও প্রয়োজনীয় ডকুমেন্ট খুঁজে নিতে পারেন। এইসব সুবিধাদি বৃদ্ধি পাওয়ায় সাধারণ পাঠকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে।






আলোকচিত্রঃ আধুনিকায়ন করার পর সুসজ্জিত পাঠকক্ষ

এই প্রকল্পের মাধ্যমে জাতীয় গ্রন্থাগারের সক্ষমতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এই প্রশিক্ষণগুলো যথেষ্ট প্রাণবন্ত ও অংশগ্রহনমূলক হয়েছে। সংশ্লিষ্টদের সাথে এই প্রশিক্ষণের বিষয়ে জানতে চাওয়া হলে তারা জানান যে – প্রশিক্ষণটি খুবই ভাল ছিল, এর মাধ্যমে আমরা অনেক বিষয় জানতে পেরেছি, যা আমাদের কাজে লাগবে। দেশের গুরুত্বপূর্ণ ডক্যুমেন্ট, ম্যাপ, বইপত্র, সংবাদপত্র, পোস্টার, লিফলেট সংরক্ষণের ক্ষেত্রে অন্যান্য দেশে প্রচলিত অত্যাধুনিক প্র্যাকটিস ও টেকনোলজির ব্যবহার সম্পর্কে অবগত হয়েছি। এছাড়া এসব ডিজিটাল ব্যবস্থায় হার্ড ফরমেটগুলো সফট ফরম্যাটে সংরক্ষণের ক্ষেত্রে প্রয়োজনীয় টেকনিক ও ম্যানুয়েল সম্পর্কে জানতে পেরেছি।

জাতীয় গ্রন্থাগারে বিভিন্ন ডকুমেন্ট স্ক্যান করার জন্য বিভিন্ন ধরণের স্ক্যানার যেমন- প্ল্যানেটারি স্ক্যানার, ফ্ল্যাটবেড স্ক্যানার, অটোমেটিক বুক স্ক্যানার, এইচডি স্ক্যানার, ডকুমেন্ট স্ক্যানার ইত্যাদি কেনা ও স্থাপন করা হয়েছে। এগুলো স্ক্যান রুমে বসানো হয়েছে এবং নিয়মিতভাবে ব্যবহৃত হচ্ছে। স্ক্যানকৃত ডকুমেন্ট, বই, সংবাদপত্র, ম্যাগাজিন ডিজিটাল ফরমেটে সংরক্ষণ ও ভবিষ্যতে ওয়েব এক্সেস চালু করার জন্য বিভিন্ন যন্ত্রপাতি বসানো হয়েছে। এর মধ্যে অ্যাবি রিকগনিশন সার্ভার, ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ইউপিএস, আইপিএস, সার্ভার নেটওয়ার্ক ব্যাকবোন, রাউটার, জেনারেটর ইত্যাদি অন্যতম।

স্কানিং রুমে কর্মরত দুজনের সাথে এই প্রকল্পের আওতায় স্থাপিত স্ক্যানার ও অন্যান্য যন্ত্রপাতি সম্পর্কে জানতে চাইলে বলেন- স্ক্যানিং রুমটি নতুন যন্ত্রপাতি দিয়ে সাজানো হয়েছে। এখানে কয়েক ধরণের স্কানার দিয়ে আমরা কাজ করতে পারছি। ডকুমেন্ট বা বইয়ের ধরণ অনুযায়ী আমরা বিভিন্ন কাজ বিভিন্ন মেশিনে করছি।









আলোক চিত্রঃ বিভিন্ন স্ক্যানারে ডকুমেন্ট স্ক্যানিং ও ডিজিটালাইজেশন কার্যক্রমের চিত্র

এইসব যন্ত্রপাতি স্থাপিত হওয়ায় ডিজিটালকরণের কাজ দ্রুততার সাথে এগুচ্ছে। এইসব যন্ত্রপাতি চালানো বা রক্ষণাবেক্ষণে কোনরুপ সমস্যা হচ্ছে কিনা জানতে চাইলে বলেন, কোন সমস্যা হচ্ছে না। আমরা এইসব যন্ত্রপাতি চালানোর জন্য প্রশিক্ষণ পেয়েছি। তবে কখনো কোনরুপ টেকনিক্যাল ফল্ট হলে বা সমস্যা দেখা দিলে প্রস্তুতকারক কোম্পানীর ওয়ারেন্টি সেবা পাওয়া যায়। তবে তারা জানান এসব যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামতের উপর তারা প্রশিক্ষণ পেলে নিজেরাই যন্ত্রপাতিগুলো মেরামত বা রক্ষণাবেক্ষণ করতে সক্ষম হবেন।

প্রকল্পের আওতায় পাঠকক্ষ, আর্কাইভস রুমসহ গুরুত্বপূর্ণসকল রুমের দরজায় অটোমেটিক ডোর লক সিস্টেম স্থাপন করা হয়েছে। তবে এই সিস্টেমটি এখনো সচল করা হয়নি। এবিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, এই ডোর লকের জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীর আইডি/ এক্সেস কার্ড লাগবে, সে সিকিউরড দরজায় সেই কার্ডের মাধ্যমে খুলতে ও ভেতরে প্রবেশ করতে পারবে। সবার জন্য আইডেন্টিফিকেশনসহ এক্সেস কার্ড প্রদানের কাজ চলছে। এটি সম্পন্ন হলে অটোমেটিক লক সিস্টেমটি সচল করা হবে।

১৬। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

| উদ্দেশ্যে | অর্জন |
|---|---|
| ডিজিটাল গ্রন্থাগারের অবকাঠামো উন্নয়ন এবং জাতীয় গ্রন্থাগারের সমুদয় সংগ্রহের সংরক্ষণ ও সমস্ত টেক্সটকে ডিজিটালে রুপান্তরকরণ ফ্যাসিলিটেট করা, | কম্পিউটার, স্ক্যানার সার্ভারসহ একটি সাধারণ নেটওয়ার্ক ব্যবস্থার মাধ্যমে ডিজিটাল সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে ডিজিটাল গ্রন্থাগারের অবকাঠামো উন্নয়ন করা হয়েছে। জাতীয় গ্রন্থাগার বর্তমানে একটি উচ্চক্ষমতাসম্পন্ন ডিজিটাল ডাটা সেন্টার গড়ে তোলার জন্য সক্ষম হিসেবে গড়ে উঠেছে। |
| জাতীয় গ্রন্থাগারের সব ডকুমেন্টের অনলাইন এক্সেস প্রোমোট করা, | জাতীয় গ্রন্থাগার একটি ডিজিটাল ও ওয়েব-ভিত্তিক গ্রন্থাগার হিসেবে কাজ করা শুরু করেছে। |
| স্বয়ংক্রিয় নিরাপত্তা ব্যবস্থা, অগ্নিনির্বাপন ব্যবস্থাসহ দুযোর্গ মোকাবেলার ব্যবস্থা গ্রহণ | প্রশাসনিক কাজে ব্যবহৃত ৩টি ফ্লোর ও স্টক ব্লকের ৭টি ফ্লোরে স্বয়ংক্রিয় নিরাপত্তা ব্যবস্থা যেমন সিসিটিভি ক্যামেরা, অটোমেটিক লক এবং অগ্নিনির্বাপন ব্যবস্থা স্থাপন করা হয়েছে। |
| কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ আধুনিক পাঠকক্ষ স্থাপন। | সবক'টি পাঠকক্ষকে সিসিটিভি ক্যামেরা, অগ্নিনির্বাপন ব্যবস্থা, এয়ার কন্ডিশনার, কম্পিউটার, ইন্টারনেট ব্রাউজিংসহ আধুনিক সুযোগ সুবিধা চালু করা হয়েছে। |
| অটোমেটিক বাইন্ডিং ও বৈজ্ঞানিক হাউজিং ব্যবস্থায় জাতীয় গ্রন্থাগারের সকল ডকুমেন্ট স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থা করা। | পুরাতন, জরুরী এবং জনপ্রিয় সব বই, সংবাদপত্র, ম্যাপ, গেজেট, ম্যাগাজিনসমূহ বৈজ্ঞানিক সংরক্ষণ ব্যবস্থাপনার আওতায় অটোমেটিক বাইন্ডিংও স্টিচিং এর মাধ্যমে স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। |

১৬.১ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণঃ

সংস্থা কর্তৃক প্রেরিত পিসিআর এবং পরিদর্শনে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয় ।

১৭। পর্যবেক্ষণ/সমস্যাঃ

১৭.১ এই প্রকল্পের মাধ্যমে জাতীয় গ্রন্থাগারের অনলাইন একসেস প্রমোট করার কথা বলা হয়েছে। কিন্তু ওয়েব ভিত্তিক গ্রন্থাগার এখনো পূর্ণরুপে শুরু হয়নি।

১৭.২ জাতীয় গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ ও এসংক্রান্ত ডাটাবেজ গড়ে তোলা সম্পূর্ণ হয়নি ফলে সিস্টেমটি অনলাইনে চালু করা হয়নি।

১৭.৩ প্রকল্পের আওতায় সিকিউরিটি সিস্টেমের অংশ হিসেবে পাঠকক্ষ, আর্কাইভ, মহাফেজখানাসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন কক্ষে অটোমেটিক ডোর লক স্থাপন করা হয়েছে, কিন্তু এগুলো এখনো চালু করা হয়নি। এগুলো অব্যবহৃত থাকলে নষ্ট হয়ে যাবার আশংকা রয়েছে।

১৭.৪ প্রকল্পের পিসিআর ও প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায় যে, এই প্রকল্পের ইন্টার্নাল ও এক্সর্টারনাল কোন প্রকার অডিট করা হয়নি।

১৮। সুপারিশঃ

১৮.১ জাতীয় গ্রন্থাগারের ওয়েবভিত্তিক কার্যক্রম দ্রুত শুরু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

১৮.২ সংস্থা কর্তৃক সব বইয়ের ক্যাটালগ ও এতদসংক্রান্ত ডাটাবেজ সমৃদ্ধকরণ দ্রুত সম্পন্ন করতে হবে যাতে অনলাইন লাইব্রেরী ও ওয়েব বেজড আর্কাইভ গড়ে তোলা যায়।

১৮.৩ অটোমেটিক ডোর লক সিস্টেম দ্রুত চালু করতে হবে।

১৮.৪ প্রকল্পটির দ্রুত অডিট সম্পন্ন করতে হবে এবং অডিট প্রতিবেদনের কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।

১৮.৫ ১৮.১ থেকে ১৮.৪ অনুচ্ছেদে উল্লেখিত বিষয়ে গৃহীত পদক্ষেপ আইএমই বিভাগকে অবহিত করতে হবে।